# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 07 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উন্নয়ন অধ্যয়ন বিভাগের তিনটি শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।বুধবার (৭ মে) বিশ্ববিদ্যালয়ের টিএসসিসিতে এই অনুষ্ঠান আয়োজিত হয়।অনুষ্ঠানে বিভাগের সভাপতি আতিকা কাফির সভপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রসেফর ড. নকীব মুহাম্মদ নসরুল্লাহ।এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. এম এয়াকুব আলী, সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন প্রফেসর ড. এ কে এম মতিনুর রহমান, ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. মোঃ ওবায়দুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. নকীব মুহাম্মদ নসরুল্লাহ বলেছেন, "আগামী বিশ্ব তাদেরই হাতের মুঠোয় থাকবে যারা হবে উন্নয়ন অনুধ্যান অনুগামী, যারা যথাযথ উন্নয়ন অভ্যাসকে করতলগত করেছে, দক্ষতা নিয়ে বেড়ে উঠছে, কর্মক্ষেত্রে প্রবেশ করছে।উন্নয়ন হচ্ছে একটি নিঃশেষ প্রক্রিয়া যেখানে অব্যাহত পরিবর্তনের মধ্য দিয়ে একটি লক্ষ্য অর্জিত হয়। উন্নয়ন হচ্ছে একটি লক্ষ্য।এই লক্ষ্যে সফল হতে, সফল কর্মী হতে উন্নয়ন বিজ্ঞান অধ্যয়ন অত্যন্ত জরুরী।দেশ এখন তাদেরকেই খুঁজছে।"

বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. এম এয়াকুব আলী বলেন, "উন্নয়ন একটি অভ্যাস, এই অভ্যাস গড়ে উঠে অব্যাহত পাঠের মধ্য দিয়ে।তোমরা যারা উন্নয়ন বিজ্ঞান অধ্যয়ন করছো তোমাদের লক্ষ্যই হবে একটি উন্নত দেশ গঠনে নিজেদেরকে নিবেদন করা।"

তিনি আরও বলেন, "একটি দারুন সুযোগ তোমাদের সামনে।২৪'র জুলাই বিপ্লব তোমাদের এই সুযোগ এনে দিয়েছে।তোমরা এখন অনেক বেশী দেশকে এগিয়ে নিতে কাজ করে যেতে পারবে।কোন বাধা নেই, কোন বৈরিতা নেই।" এছাড়াও তিনি শিক্ষার্থীদের পাঠাভ্যাস গড়ে তোলা এবং দেশ গঠন ও একটি সুন্দর জীবন গঠনে পড়ালেখা সঠিকভাবে রপ্ত করার আহ্বান জানান।

ইবি উপাচার্য বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:52

URL: https://www.timestodaybd.com/campus/342112118